The house of the writer Nihar Ranjan Gupta is located in the village Itna of Lohagara Upazila in Narail District. The geographical location of the house is 23⁰09′23′′N latitude and 89⁰41′28.7′′E longitude. The village Itna is 5.5 km south-east from Lohagara Sadar Upazila. A little west of Itna bazar, Itna-Lohagara metaled road goes towards Itna Girls School. The road turned left after half kilometer and 200 meters away from this place a feeder road goes to the north. This historical house is situated beside this feeder road.

# The House of Dr. Nihar Ranjan Gupta

Regional Directorate Office, Khulna
Department of Archaeology
Ministry of Cultural Affairs

# ডা. নীহার রঞ্জন গুপ্তের বাড়ি

আঞ্চলিক পরিচালকের কার্যালয়, খুলনা
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

সাহিত্যিক ডা. নীহার রঞ্জন গুপ্তের বাড়ি নড়াইল জেলার অন্তর্গত লোহাগড়া উপজেলাধীন ইতনা ইউনিয়নের ইতনা নামক গ্রামে অবস্থিত। যার ভৌগোলিক অবস্থান ২৩°০৯′ ২৩′′ উত্তর অক্ষাংশ এবং ৮৯°৪১′ ২৮.৭′′ পূর্ব দ্রাঘিমাংশ। লোহাগড়া উপজেলা সদর থেকে প্রায় ৫.৫ কি.মি. দক্ষিণ-পূর্ব কোণে ইতনা গ্রাম। এ গ্রামের ইতনা বাজারের উপর দিয়ে পূর্ব-পশ্চিমে চলে গেছে লোহাগড়া-ইতনা পাকা সড়ক। ইতনা বাজারের একটু পশ্চিমে এ পাকা সড়ক থেকে দক্ষিণ দিকে ইতনা বালিকা বিদ্যালয়গামী ইটের রাস্তা। এ রাস্তার আঁকা বাঁকা পথে প্রায় আধা কি.মি. গেলে রাস্তাটি পূর্ব দিকে বেঁকে যায়। এ রাস্তা ধরে আরো ২০০ মি. এগিয়ে গেলে উত্তর দিকগামী কাঁচা রাস্তার সামনে এই ঐতিহাসিক বাড়িটির অবস্থান।

ডা. নীহার রঞ্জন গুপ্ত ১৯১১ খ্রিস্টাব্দের ৬ জুন তৎকালীন যশোরের (বর্তমান নড়াইল জেলা) লোহাগড়া উপজেলার ইতনায় জন্ম গ্রহণ করেন। তাঁর পিতার নাম সত্যরঞ্জন গুপ্ত এবং মাতার নাম লবঙ্গলতা দেবী। তিনি জীবনের দীর্ঘকাল অতিবাহিত করেন কলকাতায়। তিনি চিকিৎসক পেশার পাশাপাশি সাহিত্যিক হিসেবে খ্যাতি অর্জন করেন। তিনি ১৯৮৬ খ্রিস্টাব্দের ২০ ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গের কলকাতায় মৃত্যুবরণ করেন। ইতনা গ্রামে অবস্থিত সাহিত্যিক নীহার রঞ্জন গুপ্তের পৈতৃক বাড়িটি তাঁর স্মৃতি বহন করছে।

সাহিত্যিক ডা. নীহার রঞ্জন গুপ্ত

নীহার রঞ্জন গুপ্তের পৈতৃক বাড়িতে একটি দোতালা ভবন ও একটি মন্দির রয়েছে। মন্দিরটি দোতলা ভবনের সামনে প্রবেশ পথের বাম পাশে অবস্থিত। ব্রিটিশ আমলে নির্মিত দোতালা ভবনটির নির্মাণ শৈলী সাধারণ মানের। দক্ষিণমুখী এ ভবনটি তৈরিতে ইট ও চুন-সুরকি ব্যবহার করা হয়েছে। ছাদে কাঠের বর্গার ব্যবহার লক্ষ করা যায়। ছাদ বরাবর বহুভাজ নকশা বিশিষ্ট কার্ণিস রয়েছে। ভবনটির নিচ তলায় ৭টি কক্ষ ও সামনে সরু বারান্দা রয়েছে। বারান্দা থেকে অভ্যন্তরের কক্ষে প্রবেশ করার জন্য একাধিক প্রবেশ পথ রয়েছে। বারান্দার সামনের দিকে রয়েছে নকশা করা সেগমেন্টাল খিলানযুক্ত স্তম্ভ।

দোতলায় উঠার একমাত্র সিঁড়িটি এ ভবনের উত্তর-পূর্ব কোণে অবস্থিত। ভবনের উত্তরের অংশটি দোতলা এবং দক্ষিণের অংশটি একতলা। উত্তরের দোতলা অংশটিতে পূর্ব-পশ্চিমে লম্বা বারান্দাসহ তিনটি কক্ষ রয়েছে। দোতলার বারান্দার সামনের দিকে রয়েছে সেগমেন্টাল খিলানযুক্ত স্তম্ভ। নিচ তলা ও দোতলার প্রায় প্রতিটি কক্ষে একাধিক কুলঙ্গী ও দেয়াল আলমারী রয়েছে। এ ভবনের দরজা, জানালা ও দেয়াল আলমারীতে কাঠের ব্যবহার লক্ষ করা যায়। দরজা ও জানালার কপাটে ফুল ও লতাপাতার অলংকরণ রয়েছে। নিচ তলার সামনের দিকের বারান্দার দেয়ালে বাংলায় 'আনন্দ অন্নদা কুটির' নামটি উৎকীর্ণ রয়েছে।

নীহার রঞ্জন গুপ্তের বাড়িতে অবস্থিত মন্দিরটি আয়তাকার ভূমি পরিকল্পনায় তৈরি। এ মন্দিরের দৈর্ঘ্য ৮.৩০ মিটার ও প্রস্থ ৭.১৫ মিটার। ইট ও চুন-সুরকি দিয়ে তৈরি এ মন্দিরের সামনে একটি বারান্দা ও পিছনে একটি মাত্র কক্ষ রয়েছে। প্রায় ৪০ সেন্টিমিটার পাদমঞ্চের উপর নির্মিত এ মন্দিরের সামনে দুই ধাপের সিঁড়ি রয়েছে। সিঁড়ি দিয়ে সামনের বারান্দায় প্রবেশ করা যায়। বারান্দার সামনের দেয়ালে অর্ধবৃত্তাকার খিলানযুক্ত একটি তোরণ রয়েছে। এ তোরণের তিনটি প্রবেশপথ রয়েছে। গোলাকার পিলারের উপর দণ্ডায়মান প্রবেশপথগুলোর মধ্যে মাঝের প্রবেশপথটি আকারে বড়। পিলারের উপর ও নিচে বেল্ট নকশা রয়েছে। বারান্দা থেকে পিছনের কক্ষে প্রবেশের জন্য একই আদলে তৈরি তোরণ রয়েছে। তবে এ তোরণের খিলানের স্পেন্ড্রিলে গরুর মাথার প্রতিকৃতি দেখা যায়। ৩৭.৫ সেন্টিমিটার পুরু দেয়ালের এ মন্দিরের উত্তর দেয়ালের মাঝামাঝি একটি মূর্তি কক্ষ আছে যার বাম পাশে একটি প্রবেশপথ, একটি জানালা ও ডান পাশে একটি জানালা রয়েছে। পশ্চিম দেয়ালের মাঝামাঝি একটি কুলঙ্গি এবং কুলঙ্গির বাম পাশে একটি জানালা ও ডান পাশে প্রবেশপথ রয়েছে। পূর্ব দেয়ালের প্রায় মাঝামাঝি একটি জানালা এবং জানালার বাম পাশে একটি কুলঙ্গি ও ডান পাশে একটি দেয়াল আলমারী রয়েছে। একতলা বিশিষ্ট এ মন্দিরটির ছাদ তৈরিতে লোহা, কাঠের বর্গা ও টালির ব্যবহার লক্ষ করা যায়।

২০০৩ সালে নীহার রঞ্জন গুপ্তের বাসভবনটিকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সংরক্ষিত একটি পুরাকীর্তি হিসেবে ঘোষণা করা হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক সংস্কার-সংরক্ষণ কাজের মাধ্যমে বাড়িটির পূর্বের আদল ফিরিয়ে আনার কার্যক্রম সম্পাদিত হয়েছে।

Dr. Nihar Ranjan Gupta was born on 6 June, 1911 in village Itna of Lohagara Upazila in former Jessore District (present Narail District). His father's name is Sattaranjan Gupta and mother's name Labangalata Debi. He passed a long period of his life-time in Calcutta. Besides the medical profession he became famous as a writer. He died in Calcutta of West Bengal on 20 January, 1986. The ancestral house of the writer Nihar Ranjan Gupta at village Itna is carrying his memory.

The ancestral house of Nihar Ranjan Gupta has a two-storied building and a temple. The temple is situated on the front of the building and left side of entrance. The two-storied building was built during the British period and architectural style is very simple. Bricks and lime-concrete were used to build this south faced building. Use of wooden joist is noticed in the roof. The cornice along with the roof has multifold design. There are 7 rooms on the ground floor and a narrow corridor in front of the building. More than one entrances to enter the inner rooms from the corridor. There are segmental arched pillars in front of the corridor.

The one and only stairway to go to the first floor is located in the north-east corner of the building. The north portion of the building is two-storied and southern portion is single storied.

There are 3 rooms and an east-west elongated corridor on the first floor of north portion. There are segmental arched pillars on the front side of the corridor on the first floor. Almost each and every rooms on the ground floor and the first floor have more than one niches and wall almirahs. Use of wood to make doors, windows and wall almirahs of the building is mentionable. Panels of doors and windows have flowers and vegetal decoration. The name 'Ananda Annada Kutir' is inscribed in Bengali on the front wall of the corridor at ground floor.

The temple of house of Nihar Ranjan Gupta is rectangular in plan. It measured 8.3 meter long and 7.15 meter wide. It was constructed with bricks and lime mortar. There is a corridor at front side and a cell at back. The base of the temple is 40 cm. and a stairway of two steps. There is a gateway with half-circled arch in front of the corridor. This gateway has three entrances with circular pillars. The pillars have band design at the top and bottom. The middle one is larger than others. There is a gateway with similar decoration to enter inside the cell from the corridor. There is a sculpture of a cow-head on the spandrel of the arched gateway. Thickness of the wall is 37.5 cm. There is an image chamber at the middle of the north wall. There are two windows on the both side of the chamber and door at left side. There is a niche at the middle of western wall and window on left and a door on the right side. There is a window at the middle of the east wall. A niche on the left side and an almirah on the right side. Iron, wood joist and earthen tiles were used to made the roof of the temple. The ancestral house of Nihar Ranjan Gupta is now protected by the Department of Archaeology, Ministry of Cultural Affairs, Government of the People's Republic of Bangladesh.

ডা. নীহার রঞ্জন গুপ্তের বাড়ি (The House of Dr. Nihar Ranjan Gupta)

ডা. নীহার রঞ্জন গুপ্তের বাড়ি (The House of Dr. Nihar Ranjan Gupta)

ডা. নীহার রঞ্জন গুপ্তের বাড়ি সংলগ্ন মন্দির (Temple Along with Dr. Nihar Ranjan Gupta's House)